গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নড়াইল সদর, নড়াইল
www.narailsadar.narail.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫৭৬.০০১.০৭.০০৭.২৪. ১১৩

তারিখ: ২৮ মাঘ, ১৪৩০
১১ ফেব্রুয়ারি, ২০২৪

## হাট বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি নং-০১/২০২৪

সরকারী হাট-বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি নীতিমালা-২০১১ অনুযায়ী এবং স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-২ শাখার গত ২১ সেপ্টেম্বর ২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.১১.৮৭০ নম্বর স্মারকে জারিকৃত হাট বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা এং ০১/০৩/২০১৬ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.১৯.০০.০১৯.২০১০-(অংশ-১)/৮৮ নং পরিপত্র মোতাবেক নড়াইল সদর উপজেলার নিম্নবর্ণিত হাট-বাজার সমূহ বাংলা ১৪৩১ সালের ১লা বৈশাখ হতে ৩১ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদকালের জন্য ইজারা বন্দোবস্ত দেয়া হবে। বর্ণিত হাট-বাজারসমূহ ইজারা গ্রহণেচ্ছুক ব্যক্তিগণের নিকট হতে নিম্নবর্ণিত তফসিল ও শর্তসমূহ পালন সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে।

-ঃ তফসিল ঃ-

| দফা | দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলা ও বাছাইয়ের তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ২৭/০২/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত | ২৮/০২/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত | ২৮/০২/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল-৩.০০ টা |
| ২য় | ১১/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত | ১২/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত | ১২/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল-৩.০০ টা |
| ৩য় | ২৭/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত | ২৮/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত | ২৮/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল-৩.০০ টা |

| দরপত্র প্রাপ্তির স্থানসমূহ | দরপত্র দাখিলের স্থান |
|---|---|
| ১।জেলা প্রশাসকের কার্যালয়,নড়াইল ২।উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নড়াইল সদর ৩।উপজেলা ভূমি অফিস,নড়াইল সদর, নড়াইল সদর থানা ৪। সোনালী ব্যাংক লিমিটেড, নড়াইল শাখা। | ১।জেলা প্রশাসকের কার্যালয়,নড়াইল ২।পুলিশ সুপারের কার্যালয়, নড়াইল ৩।উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নড়াইল সদর ৪।উপজেলা ভূমি অফিস,নড়াইল সদর। উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। |

১ম দফায় কোন হাট-বাজারের দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দর অনুমোদিত হলে ২য় দফায় ঐ হাট-বাজারটির নাম ২য় দরপত্র বিজ্ঞপ্তি হতে বাদ হয়েছে মর্মে গণ্য হবে। একইভাবে ২য় দফায় দরপত্র অনুমোদিত হলে ৩য় দফায় ঐ হাট-বাজারটির নাম দরপত্র থেকে বাদ হয়েছে মর্মে গণ্য করতে হবে। ক্রমান্বয়ে সরকারিভাবে নির্ধারিত কাঙ্খিত মূল্য না পাওয়া গেলে ৩য় দফা পর্যন্ত কার্যক্রম অব্যাহত থাকবে।

ইজারাযোগ্য হাট বাজারের নাম, সরকারি মূল্য ও সিডিউলের মূল্য নিম্নের ছকে দেয়া হলো।

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | ১৪৩১ সালে সরকারি দর | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ১. | মাইজপাড়া হাট-বাজার | মাইজপাড়া | ১০,৭৫,৭০০/- | ২,৮০০/- |
| ২. | মাইজপাড়া পশুহাট | মাইজপাড়া | ৭৪,১৭,৭০০/- | ১৫,৬০০/- |
| ৩. | সিঙ্গিয়া হাট-বাজার | হবখালী | ৪,২১,৭০০/- | ১,৬০০/- |
| ৪. | পাজারখালী হাট-বাজার | হবখালী | ৭৮,৫০০/- | ৫০০/- |
| ৫. | চালিতাতলা হাট-বাজার | চন্ডিবরপুর | ২,৬৫,৫০০/- | ১,২০০/- |
| ৬. | ভূমুরদিয়া হাট-বাজার | চন্ডিবরপুর | ২,২৬,৬০০/- | ১,২০০/- |
| ৭. | নাকশী হাট | আউড়িয়া | ২৮,৩৩,০০০/- | ৬,৪০০/- |
| ৮. | রামচন্দ্রপুর হাট-বাজার | আউড়িয়া | ৫৭,৮০০/- | ৫০০/- |
| ৯. | শাহাবাদ হাট-বাজার | শাহাবাদ | ১,৭১,১০০/- | ১,০০০/- |
| ১০. | তুলারামপুর হাট-বাজার | তুলারামপুর | ৩,০৬,৮০০/- | ১,৪০০/- |
| ১১. | সেখহাটি হাট-বাজার | সেখহাটি | ১,৬৮,৯০০/- | ১,০০০/- |
| ১২. | গোবরা হাট-বাজার | কলোড়া | ৩,০৬,৫০০/- | ১,৪০০/- |
| ১৩. | আগদিয়া হাট-বাজার | কলোড়া | ২,৩৮,৫০০/- | ১,২০০/- |
| ১৪. | সিংগাশোলপুর হাট-বাজার | সিংগাশোলপুর | ৩,০৮,৯০০/- | ১,৪০০/- |
| ১৫. | মিরাপাড়া হাট-বাজার | ভদ্রবিলা | ২২,৪০০/- | ৫০০/- |
| ১৬. | হোগলাডাঙ্গা হাট-বাজার | বাঁশগ্রাম | ৩৬,৩০০/- | ৫০০/- |
| ১৭. | দ্বারিয়াপুর হাট-বাজার | বাঁশগ্রাম | ১৭,১০০/- | ৫০০/- |
| ১৮. | চাকই পশু হাট | বিছালী | ৪,২৩,০০০/- | ১,৬০০/- |
| ১৯. | মুলিয়া হাট-বাজার | মুলিয়া | ৩৯,১০০/- | ৫০০/- |

হাট বাজার ইজারার শর্তাবলী ঃ

১। বাংলা ১৪৩১ সালের ০১ বৈশাখ হতে ৩১ চৈত্র ০১(এক) বছর মেয়াদকালের জন্য হাট বাজার ইজারা প্রদান করা হবে।

২। প্রত্যেক হাট বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং দরপত্রদাতাকে প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৩। দরপত্রদাতাকে দরপত্রে উদৃত মূল্যের ৩০% অর্থ যে কোন তফসীলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল এর অনুকূলে জামানত হিসেবে দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট বাজার নিজ খরচে পরিস্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত জামানতের টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পন করা হবে।

৪। যার দরপত্র গৃহীত হবে, তিনি দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর) ভাগ অর্থ, দাখিলকৃত দরপত্রে উদৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) অবশ্যই এক সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পূণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। উক্ত দর যদি সংশিষ্ট হাট বাজারের সরকারী সম্ভাব্য মূল্য হতে কম হয় তা হলে পূণরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারী সম্ভাব্য মূল্য হতে কম হয় তা হলে কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত ইজারা কার্যক্রম অব্যহত থাকবে।

৬। এক হাট বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট বাজারের দরপত্র হিসাবে দাখিল/ব্যবহার করা যাবে না। এক দফার জন্য ক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত হাট বাজারের দরপত্র হিসাবে দাখিল/ব্যবহার করা যাবে না।

৭। ইজারার সমুদয় অর্থ (আয়কর ও ভ্যাটসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৪০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

৮। ইজারা গ্রহীতাকে সরকার অনুমোদিত টোল রেইট অনুযায়ী টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। জনসাধারণের অবগতির জন্য ইজারাদার নিজ খরচে হাট বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগিয়ে রাখতে হবে।

৯। ইজারা গ্রহীতাকে নিজ খরচে নিয়মিত হাট বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

১০। ইজারাদার কোনক্রমেই ইজারাকৃত হাট বাজার অন্যের নিকট সাব লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের কোন শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং উক্ত হাট বাজার পূণরায় ইজারা প্রদান করা হবে।

১১। দাখিলকৃত দরপত্রে কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা বা অস্পষ্ট পরিলক্ষিত হলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১৩। নির্ধারিত সময়ের মধ্যে হাট বাজারের দখল হস্তান্তর করা না হলে বা মোকদ্দমা বা অন্য কোন কারণে হাট বাজারের দখল হস্তান্তরে বিলম্বিত হলে ঐ সময়ের জন্য আনুপাতিক হারে ইজারার অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

১৪। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

১৫। হাট বাজার ইজারার অনাদায়ী অর্থ "সরকারী দাবী আদায়" আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন পর্যায়ে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭। ইজারাদার নিজ খরচে স্ব-স্ব হাট-বাজারে একটি পরিদর্শণ রেজিস্টার সংরক্ষণ করবেন।

১১/০২/২৪
শারমিন আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি
নড়াইল সদর, নড়াইল

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫৭৬.০০১.০৭.০০৭.২৪- ১১০/২(৪২)

তারিখ: ২৮ মাঘ, ১৪৩০ / ১১ ফেব্রুয়ারি, ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক, নড়াইল।
২। পুলিশ সুপার, নড়াইল।
৩। উপ পরিচালক, স্থানীয় সরকার, নড়াইল।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাইল সদর, নড়াইল।
৫। মেয়র, নড়াইল পৌরসভা, নড়াইল।
৬। অফিসার ইনচার্জ, নড়াইল সদর থানা, নড়াইল।
৭। উপজেলা ............................................................ অফিসার, নড়াইল সদর, নড়াইল।
৮। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, নড়াইল শাখা, নড়াইল।
৯। চেয়ারম্যান, ...............................ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল (বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো)।
১০। সম্পাদক, দৈনিক আমাদের সময়, ১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-তাঁকে উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি আগামী ১২/০২/২০২৪ খ্রি. তারিখে প্রকাশিত পত্রিকার ভিতরের পাতায় মাত্র একদিন প্রকাশপূর্বক ৩ কপি সৌজন্য সংখ্যা প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১১। সম্পাদক, দৈনিক ওশান, নড়াইল তাকেঁ উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি আগামী ১২/০২/২০২৪ খ্রি. তারিখে প্রকাশিত পত্রিকার পাতায় মাত্র একদিন প্রকাশপূর্বক ৩ কপি সৌজন্য সংখ্যা প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/উপ সহকারী কর্মকর্তা ...........................ইউনিয়ন ভূমি অফিস, নড়াইল সদর, নড়াইল। তাকে বিজ্ঞপ্তিটি হাট বাজারে মাইক ও ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৩। জনাব ..................................... সভাপতি/সাধারণ সম্পাদক ........................... হাট-বাজার
১৪। জনাব ........................................................................ইজারাদার/প্রাক্তন ইজারাদার, .......................... হাট-বাজার।
১৫। অফিস কপি।

১১/০২/২৪
সেলিম আহমেদ
সহকারী কমিশনার (ভুমি)
ও
সদস্য সচিব
উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি
নড়াইল সদর, নড়াইল